[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[

উত্তেজনা ; যুবদল নেতা আটক

মেহেরপুর গাংনী শহরে ককটেল বিষ্ফোরণ এবং অবিষ্ফোরিত তিনটি ককটেল উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় বিএনপি নেতাকর্মীদের দায়ী করে তাদের গ্রেফতারের দাবিতে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগ। তবে বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনা হচ্ছে বলে জানিয়েছেন বিএনপি নেতৃবৃন্দ। সোমবার রাত সাড়ে আটটার দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনার পরপরই সাবেক কাউন্সিলর ও উপজেলা যুবদলের আহবায়ক সাইদুর রহমানকে আটক করেছে পুলিশ।
গাংনী থানা ভারপ্রাপ্ত কমকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গাংনী উত্তরপাড়ায় অবস্থিত সরকারি পরিত্যক্ত একটি মাছের হ্যাচারির পাশে বিষ্ফোরণের খবর পেয়ে পুলিশ সেখানে যায়। এসময় একটি ব্যাগ থেকে ৩টি ককটেল উদ্ধার করা হয়। ককটেল বিষ্ফোরণের বিকট শব্দ পাওয়া গেলেও ঘটনাস্থলে বিষ্ফোরণের কোন আলামত পাওয়া যায়নি। এদিকে ছাত্রলীগের পক্ষ থেকে এ ঘটনায় বিএনপি নেতাকর্মীদের দায়ী করে শহরের বিক্ষোভ মিছিল করা হয়েছে। বিক্ষোভ মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে উত্তরপাড়ায় সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান সিপুর ব্যক্তিগত কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। সেখানে বক্তব্য রাখেন ছাত্রলীগ নেতৃবৃন্দ।
সাবেক ছাত্রনেতা সাহিদুজ্জামান সিপু বিএনপির দিকে অভিযোগ তুলে বলেন, আওয়ামী লীগের জাতীয় কাউন্সিল উপলক্ষে ছাত্রলীগের নেতাকর্মীরা রাতে গাংনী শহরে একটি মিছিল বের করে। বাস স্ট্যান্ড এলাকায় মিছিলটি পৌঁছুলে বিএনপি নেতাকর্মীরা তাদের উপর হামলা করে। ছাত্রলীগের নেতাকর্মীরা হামলা প্রতিরোধ করলে তাদের লক্ষ্য করে দুটি ককটেল নিক্ষেপ করা হয়। ককটেল দুটি বিকট শব্দে বিষ্ফোরিত হয়। হামলাকারী বিএনপি নেতাকর্মীদের দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় আনার দাবি করেন তিনি।

বিক্ষোভ মিছিলে আরও উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রলীগ সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, সাবেক ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, শ্রমিক লীগ নেতা মনিরুজ্জামানসহ নেতৃবৃন্দ।

এদিকে ছাত্রলীগের অভিযোগ মিথ্যা দাবি করে গাংনী উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেন, বিএনপি নেতা এডাম ও জামাল বাজার থেকে বাড়ি যাওয়ার সময় ছাত্রলীগের নেতাকর্মীদের কয়েকজন তাদের ধাওয়া করে। তারা পালিয়ে যায়। অথচ উল্টো বিএনপি নেতাকর্মীদের নামে মিথ্যা অভিযোগ করা হচ্ছে। এ ঘটনার তীব্র

নিন্দা ও প্রতিবাদ জানান তিনি।

এদিকে বিষ্ফোরণের স্থান পরিদর্শন করেছেন গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও র্যাব-১২ গাংনী ক্যাম্পের একটি টিম।

এ বিষয়ে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, অবিষ্ফোরিত তিনটি বোমা প্রাথমিকভাবে নিষ্ক্রিয় করে থানা হেফাজতে নেওয়া হয়েছে। ককটেল রাখা ও বিষ্ফোরণের সাথে কারা জড়িত তা তদন্ত সাপেক্ষে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক হারুন অর রশিদ আর নেই

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক খন্দকার হারুন অর রশিদ (৮০) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ রবিবার সকাল পোনে ৯টার দিকে মেহেরপুর শহরের শাহজী পাড়াস্থ নিজ বাসভবনে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

হারুন অর রশিদ মেহেরপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত সাধারণ সম্পাদক অ্যাড. খন্দকার ইমতিয়াজ হারুন জুয়েলের পিতা।

গাংনীতে আওয়ামী লীগ নেতার ইন্তেকাল

কিডনী রোগে আক্রান্ত গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের পলাশীপাড়া গ্রাম আওয়ামীলীগের সভাপতি বাবলুর রহমান (৬০) ইন্তেকাল করেছেন (ইন্না—রাজিউন)। বাবলু পলাশীপাড়া গ্রামের মৃত আব্দুল কাদেরের ছেলে। তিনি স্ত্রী,সন্তানসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

আজ শনিবার (২৬ নভেম্বর)বিকেল ৫ টার দিকে আওয়ামী লীগ নেতা বাবলু নিজ বাড়িতে মারা যান তিনি করেন।

পারিবারিক সূত্র জানান, তিনি কিডনীসহ নানা ধরনের জটিল রোগে আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিয়ে বাড়িতে অবস্থান করছিলেন।

আগামী মাস থেকে ডলার সংকট দুর হবে — সালমান এফ রহমান

প্রধানমন্ত্রী শেখ হাসিনার বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান বলেন, আমাদের ব্যাংকগুলোতে যে ডলার সংকট আছে আগামি মাস মাস থেকেই সেটা দুর হয়ে যাবে।

যে জিনিসগুলো আমাদের আমদানি করা প্রয়োজন সেগুলো রমজানের আগেই আমদানি করা হবে। রমজানে আমাদের কোনো সমস্যা হবেনা।

আজ শনিবার (২৬ নভেম্বর) মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের প্রর্শেন জবাবে তিনি এসব কথা বলেন। এসময় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি উপস্থিত ছিলেন।

সালমান এফ রহমান আরও বলেন, আন্তর্জাতিক বাজারে সব কিছুর দাম বেড়ে

খালেক, সদর উজেলার চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসসহ ব্যাংকের উর্দ্ধতন কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

আজ মুজিবনগর আসছেন সালমান এফ রহমান

প্রধানমন্ত্রী শেখ হাসিনার বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান এক দিনের সফরে আজ মুজিবনগর আসছেন। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্রে জানা যায়, সকাল দশটায় সালমান এফ রহমান মহান মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত মুজিব নগর স্মৃতিসৌধে পুষ্প স্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করবেন।

এরপর দেশের শীর্ষস্থানীয় বানিজ্যিক ব্যাংক আইএফআইসি ব্যাংকের ১০০০ তম সামাজিক শাখার উদ্বোধন করবেন। তারপর মুজিবনগরে প্রশাসনসহ বিভিন্ন পর্যায়ের সভা শেষে তিনি ঢাকার উদ্দেশ্যে রওয়ানা দিবেন। প্রধানমন্ত্রীর উপদেষ্টার এ সফরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

উল্লেখ্য সালমান এফ রহমান ও তাঁর প্রতিষ্ঠিত বেক্সিমকো গ্রুপ দেশের বেসরকারি খাতের বিভিন্ন সেক্টরে ব্যবসা শুরু এবং সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। দেশে প্রথম বাণিজ্যিক ব্যাংক এবি ব্যাংকের উদ্যোক্তাদের অন্যতম ছিলেন তিনি।

সালমান এফ রহমান ১৯৫১ সালের ২৩ মে রাজধানী ঢাকা জেলার দোহার উপজেলার শাইনপুকুর গ্রামের এক ঐতিহ্যবাহী সম্ভ্রান্ত মুসলিম জমিদার পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর বাবা মরহুম ফজলুর রহমান ছিলেন খ্যাতিমান আইনজীবী।তিনি অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী,শেরে বাংলা এ কে ফজলুল হকের নেতৃত্বাধীন পার্লামেন্টের চিফ হুইপ ছিলেন।পরবর্তীসময়ে তিনি হোসেন শহীদ সোহরাওয়ার্দী সরকারের রাজস্বমন্ত্রী ছিলেন।তিনি ১৯৪৭-১৯৫৩ সাল পর্যন্ত তদানিন্তন পাকিস্তানের কেন্দ্রীয় মন্ত্রী সভার সদস্য হিসেবে শিক্ষা ও

সুস্পষ্ট দৃষ্টিভঙ্গি ও দৃঢ়ব্যক্তিত্বের অধিকারী সালমান এফ রহমান শুধুমাত্র বেক্সিমকো গ্রুপের বৃদ্ধি ও প্রসারই নিশ্চিত করেননি, একই সাথে তিনি সফল ভাবে বাংলাদেশের ব্যবসা খাতে উন্নয়ন এবং গতিশীলতা এনেছেন। স্বাধীনতার পরপর দেশের প্রাথমিক পর্যায়ে বেসরকারি খাতের উন্নয়নে তাঁর অবদান অনস্বীকার্য।সালমান এফ রহমান দেশের বেসরকারী খাতের প্রণোদনায় নিয়োজিত শীর্ষ বুদ্ধিবৃত্তিক প্রতিষ্ঠান বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের বোর্ড অব গভর্নরস এর চেয়ারম্যান। এছাড়াও তিনি ২৪ ঘন্টা সংবাদ-ভিত্তিক চ্যনেল ‘ইনডিপেনডেন্ট টেলিভিশন’ এর চেয়ারম্যান।

তিনি বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল, সার্ক অঞ্চলের শীর্ষস্থানীয় বাণিজ্য সংস্থা ‘সার্ক চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ’, ব্যবসায়ীদের শীর্ষসংগঠন এফবিসিসিআই, এমসিসিআই, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন এবং বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ-এর সভাপতি হিসেবে কাজ করেছিলেন।সালমান এফ রহমান “প্রয়াস” এর একজন পৃষ্ঠপোষক। এই প্রতিষ্ঠানটি বিশেষ শিশুদের উন্নয়ন ও সহায়তা নিয়ে কাজ করে। শিশুদের বিশেষায়িত শিক্ষা, নিউরো-ডেভেলপমেন্টাল পরীক্ষণ ও চিকিৎসা, বিনোদন, সহপাঠ্যক্রম সহ সামগ্রিক উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিচালনা করে থাকে প্রতিষ্ঠানটি। এ ছাড়াও প্রয়াস -শিক্ষক, শিশুদের বাবা-মা কেও প্রশিক্ষণ ও সমন্বিত সেবা প্রদান করে থাকে দেশকে সামাজিক ও অর্থনৈতিকভাবে অগ্রগতির পথে পরিচালনার জন্য একটি শিক্ষিত প্রজন্ম তৈরির উপর বিশেষভাবে জোর দিচ্ছেন সালমান এফ রহমান।

এলক্ষ্যে তিনি তার এলাকা দোহার ও নবাবগঞ্জের শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে অনবরত অবদান রেখে চলছেন। এর মধ্যে তাসুল্লা উচ্চ বিদ্যালয়, পদ্মা বিশ্ববিদ্যালয় কলেজ, দোহার-নবাবগঞ্জ কলেজের জন্য তার সহায়তা ও আর্থিক অনুদান উল্লেখযোগ্য। ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে আধুনিক কম্পিউটার শিক্ষাকে সকলের দোরগোড়ায় পৌঁছে দিতে তিনি দোহারের সকল উচ্চ বিদ্যালয়ে বিনামূল্যে কম্পিউটার প্রদান করেন। এছাড়াও, তিনি সমাজের সুবিধা বঞ্চিতদের শিক্ষামূলক উন্নয়নের জন্য গণ সাহায্য সংস্থা (জিএসএস) এর মাধ্যমে দাতব্য কাজে অবদান রেখে চলেছেন। ছাত্রছাত্রীদের উন্নয়নের স্বার্থে ২০০৬ সাল থেকে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে বার্ষিক অনুদান দিয়ে আসছেন।

সালমান এফ রহমান একজন বিশিষ্ট ক্রীড়া অনুরাগী। তিনি নিয়মিতভাবে

বিভিন্ন ক্রীড়া অনুষ্ঠান, খেলোয়াড়, এবং দলের পৃষ্ঠপোষকতার মাধ্যমে বাংলাদেশের খেলাধুলার উন্নয়নে উল্ল্যেখযোগ্য অবদান রাখছেন। বেক্সিমকো গ্রুপ ২০১১ সালের আইসিসি ক্রিকেট বিশ্বকাপে বাংলাদেশ জাতীয় দলের অফিসিয়াল পৃষ্ঠপোষক ছিল। এছাড়া তিনি ২০১১ সালে ঢাকায় অনুষ্ঠিত আর্জেন্টিনা ও নাইজেরিয়ার মধ্যকার আন্তর্জাতিক ফিফা প্রীতি ম্যাচের আয়োজন এবং পৃষ্ঠপোষকতা করেন ।

দেশের শীর্ষস্থানীয় স্পোর্টিং ক্লাব ‘আবাহনী লিঃ’–এর চেয়ারম্যান হিসেবেও তিনি দায়িত্ব পালন করছেন। এই ক্লাবটি তাঁর কাছে বিশেষ আবেগ অনুভূতির জায়গা। ক্লাবটি প্রতিষ্ঠা করেছেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বড় ছেলে শেখ কামাল। শেখ কামাল ছিলেন সালমান এফ রহমানের ঘনিষ্ঠ বন্ধু।

ফার্মাসিউটিক্যালস, টেক্সটাইল, সিরামিকস, সিনথেটিকস, জুট, রিয়েল অ্যাস্টেট, প্রোকৌশল, মেরিন ফুড, আইটি, অ্যাভিয়েশন, অ্যানার্জি, জ্বালানি, মিডিয়া, টিভি চ্যানেল, টেলিকমিউনিকেশন সহ বিভিন্ন খাতে ৩৯ টি পাবলিক এবং প্রাইভেট লিমিটেড কোম্পানি প্রতিষ্ঠা করেন। কোম্পানিসমূহ প্রতিষ্ঠা করার মাধ্যমে ৭০ হাজার লোকের কর্মসংস্থানের সৃষ্টি হয়।এসব কোম্পানির উৎপাদিত বিশ্বমানসম্পন্ন উচ্চমানের পন্য রপ্তানির মাধ্যমে তিনি আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশকে মর্যাদার অঙ্গনে প্রতিষ্ঠিত করেন এবং এর মধ্যে দিয়ে দেশের জিডিপিতে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছেন।

বিনামূল্যে ঔষধ ও পোশাক বিতরণ তাঁর নিয়মিত দাতব্য কাজগুলির মধ্যে অন্যতম। দোহারের মানুষের সুস্বাস্থ্য ও স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করার জন্য তিনি ২৪০টিরও বেশি আর্সেনিক মুক্ত টিউব ওয়েল স্থাপন করেন এবং বিনামূল্যে চিকিৎসা সহায়তা কার্যক্রম শুরু করেন যার মাধ্যমে ১৬ জন ডাক্তার নিয়মিতভাবে চিকিৎসা এবং ঔষধ প্রদান করছেন।

বিজয়ের মাসের প্রাক্কালে তাঁর মুজিবনগর সফর বিশেষ বার্তা দিবে বলে মনে করছেন স্থানীয়রা।

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নে উপজেলা যুবমহিলা লীগের উঠান বৈঠক

“উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ” প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকারের উন্নয়ন এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের হাত ধরে মেহেরপুর তথা মুজিবনগরের উন্নয়নের কথা তৃণমূলের সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দিতে। বাংলাদেশ যুবমহিলা লীগের কেন্দ্রীয় নির্বাহী সদস্য মেহেরপুর যুবমহিলা লীগের দায়িত্বপ্রাপ্ত নেত্রী মেহেরপুরের নারী জাগরনের অগ্রদূত সৈয়দা মোনালিসা ইসলামের নির্দেশে পর্যায়ক্রমে উপজেলা ব্যাপি উঠান বৈঠক করছে উপজেলা যুব মহিলা লীগ।

তারই ধারাবাহিকতায় মুজিবনগর যুবমহিলা লীগের নেতৃত্বে বাগোয়ান ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের বাগোয়ান গ্রামে যুবমহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

উঠান বৈঠকে মুজিবনগর উপজেলা যুবমহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন জনপ্রশাসন প্রতিমন্ত্রী এবং সৈয়দা মোনালিসা ইসলামের পক্ষে গ্রামের সাধারণ মহিলাদের বিভিন্ন অভাব, অভিযোগ ও সুখ দু:খের কথা শোনেন এবং প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন এবং প্রিয় নেতা ফরহাদ হোসেন এমপি এর কথা তৃণমূলে পৌঁছে দেওয়ার লক্ষ্যে বিশেষ করে মহিলাদের মাঝে তুলে ধরার মাধ্যমে, শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে, আগামী নির্বাচনে ফরহাদ হোসেনকে পুনরায় নির্বাচিত করার মাধ্য দিয়ে মেহেরপুর মুজিবনগরের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে মা বোনদের প্রতি আহ্বান জানান তিনি।

বৃহস্পতিবার বিকেলে মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুনের সভাপতিত্বে এবং মোনাখালি ইউনিয়ন যুব মহিলালীগের সাধারণ সম্পাদক মরিয়ম খাতুন এর

সঞ্চালনায় এই উঠান বৈঠকে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুরের নারী জাগরণের অগ্রদূত বাংলাদেশ আওয়ামী যুব মহিলা লীগের নির্বাহী সদস্য এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

উপস্থিত ছিলেন, ৫ নং ওয়ার্ড যুব মহিলালীগের সভাপতি সাধারণ সম্পাদকসহ যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ এবং বিপুল সংখ্যাক যুব মহিলা লীগের কর্মী ও সমর্থকবৃন্দ।

মুজিবনগরের নাজিরাকোনা গ্রামে যুবমহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত

উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ। বাংলাদেশ যুবমহিলা লীগের কেন্দ্রীয় নির্বাহী সদস্য মেহেরপুর যুবমহিলা লীগের দায়িত্বপ্রাপ্ত নেত্রী মেহেরপুরের নারী জাগরনের অগ্রদূত সৈয়দা মোনালিসা ইসলামের নির্দেশে। মুজিবনগর যুবমহিলা লীগের নেতৃত্বে দারিয়াপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডে যুবমহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

উঠান বৈঠকে মুজিবনগর উপজেলা যুবমহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন জনপ্রশাসন প্রতিমন্ত্রী এবং সৈয়দা মোনালিসা ইসলামের পক্ষে গ্রামের সাধারণ মহিলাদের বিভিন্ন অভাব, অভিযোগ ও সুখ দু:খের কথা শোনেন এবং
প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার

উন্নয়ন এবং প্রিয় নেতা ফরহাদ হোসেন এমপি এর কথা তৃণমূলে পৌঁছে দেওয়ার লক্ষ্যে বিশেষ করে মহিলাদের মাঝে তুলে ধরার মাধ্যমে, শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে, আগামী নির্বাচনে ফরহাদ হোসেনকে পুনরায় নির্বাচিত করার মাধ্য দিয়ে মেহেরপুর মুজিবনগরের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে মুজিবনগর উপজেলায় পর্যায়ক্রমে যুব মহিলালীগের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হচ্ছে।তারই ধারাবাহিকতায়

বুধবার বিকেলে মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুনের সভাপতিত্বে এবং দারিয়াপুর ইউনিয়ন যুব মহিলালীগের সভাপতি শাহিনা খাতুন এর

সঞ্চালনায় এই উঠান বৈঠকে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুরের নারী জাগরণের অগ্রদূত বাংলাদেশ আওয়ামী যুব মহিলা লীগের নির্বাহী সদস্য এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

উপস্থিত ছিলেন, মোনাখালী ইউনিয়ন যুবমহিলা লীগের সাধারণ সম্পাদক মরিয়ম খাতুন সহ বিভিন্ন ওয়ার্ড যুব মহিলালীগের সভাপতি সাধারণ সম্পাদক যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ এবং বিপুল সংখ্যাক যুব মহিলা লীগের কর্মী ও সমর্থকবৃন্দ।

মুজিবনগরে যুবমহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত

উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন এবং প্রিয় নেতার কথা তৃণমূলে পৌঁছে দেওয়ায় লক্ষ্য বিশেষ করে মহিলাদের মাঝে তুলে ধরার মাধ্যমে, শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে, আগামী নির্বাচনে মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনকে পুনরায় নির্বাচিত করার মাধ্য দিয়ে মেহেরপুর মুজিবনগরের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে মুজিবনগর উপজেলায় সোনাপুর গ্রামে উপজেলা যুব মহিলালীগের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুনের সভাপতিত্বে এবং উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুনের সঞ্চালনায় এই উঠান বৈঠকে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুরের নারী জাগরণের অগ্রদূত বাংলাদেশ আওয়ামী যুব মহিলা লীগের নির্বাহী সদস্য এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের সুযোগ্য সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

উপস্থিত ছিলেন, দারিয়াপুর ইউনিয়ন যুব মহিলালীগের সভাপতি শাহিনা খাতুন, মোনাখালী ইউনিয়ন যুবমহিলা লীগের সাধারণ সম্পাদক মরিয়ম খাতুন সহ বিভিন্ন ওয়ার্ড যুব মহিলালীগের সভাপতি সাধারণ সম্পাদক